বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ঋণ আদায় বিভাগ।

ফোন ঃ +৮৮০২২২৩৩৮৩১৬৫;
ই-মেইল ঃ
dgmrecovery@krishibank.org.bd

নং-প্রকা/আদায়/১(৫৯)/২০২২-২০২৩/৭৪০ তারিখঃ ১৫-০২-২০২৩ খ্রিঃ

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**ই-মেইলযোগে**

**বিষয়ঃ আগামী ০৬/০৩/২০২৩ হতে ১৫/০৩/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ১০(দশ) দিন ব্যাপী আমানত সংগ্রহ, ঋণ বিতরণ, বৈদেশিক রেমিট্যান্স প্রদান ও পুনঃতফসিলকৃত ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ প্রসঙ্গে।**

মহোদয়

শিরোণামের বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ২০২২-২০২৩ অর্থবছরের ০৯/০২/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত সমাপ্ত ৩২তম সপ্তাহ পর্যন্ত ব্যবসায়িক লক্ষ্যমাত্রার কোনো খাতেই আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ চরম অসন্তোষ প্রকাশ করেছেন। ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের পাশাপাশি **পুনঃতফসিলকৃত ঋণ স্থিতি কমিয়ে আনার লক্ষ্যে** ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আগামী ০৬-০৩-২০২৩ খ্রিঃ তারিখ হতে ১৫-০৩-২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ১০(দশ) দিনব্যাপী বিশেষ কর্মসূচী গ্রহণ এবং উক্ত কর্মসূচীতে লো-কস্ট ডিপোজিট, মানসম্পন্ন ঋণ বিতরণ, রেমিট্যান্স প্রদান এবং অধিক পরিমাণে শ্রেণীকৃত ও পুনঃতফসিলকৃত ঋণ আদায়ের জন্য নির্দেশনা প্রদান করেছেন।

০৩। ১০(দশ) দিনব্যাপী অনুষ্ঠেয় বিশেষ কর্মসূচীর লক্ষ্যমাত্রা পরিশিষ্ট-০১ অনুযায়ী নির্ধারণ করে দেয়া হলো। বিভাগীয় কার্যালয়সমূহ তাঁদের আওতাধীন কার্যালয়সমূহের মধ্যে এই লক্ষ্যমাত্রা আগামী ১৯-০২-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে বন্টন নিশ্চিত করবেন।

০৪। **কর্মসূচির সফল বাস্তবায়নে মাঠ কার্যালয়সমূহের করণীয়ঃ**

(ক) গত ০৩/০৮/২০২২ খ্রিঃ তারিখে জারীকৃত ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং ০১/২০২২ এবং ১০/০৮/২২ খ্রিঃ তারিখের পত্র নং ১৩০(১২৫০) এর সকল এর নির্দেশনা যথাযথ ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

(খ) শাখাকে রঙ্গিন পোস্টার/ ফুল দিয়ে সাজিয়ে উৎসব মুখর পরিবেশ সৃষ্টিসহ শাখার সামনে শামিয়ানা টানিয়ে গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে এবং রেমিট্যান্সসহ ব্যাংকের অন্যান্য সেবাসমূহের প্রচারণামূলক কার্যক্রম অব্যাহত রাখার পাশাপাশি লো-কস্ট ডিপোজিট (এসএনডি ও সঞ্চয়ী আমানত) এবং সুদবিহীন চলতি আমানত সংগ্রহের উপর বিশেষ গুরুত্ব আরোপ করতে হবে;

(গ) উক্ত কর্মসূচীতে স্থানীয় প্রতিনিধি ও প্রশাসনের কর্মকর্তাগণকে, বিশেষ করে সার্টিফিকেট মামলার দায়িত্বপ্রাপ্ত সার্টিফিকেট অফিসারকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করে সদয় আমন্ত্রণ জানাতে হবে।

০৫। স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগীয় কার্যালয়সমূহ এই বিশেষ কর্মসূচীর অর্জন সংক্রান্ত তথ্যাদি সংকলিত বিবরণী পরিশিষ্ট-২ এ উল্লেখিত ছকে ১৫-০৩-২০২৩ তারিখ বিকাল ৪.৩০ ঘটিকার মধ্যে **ই-মেইলযোগে** ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

০৬। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক অধিক পরিমাণে **পুনঃতফসিলকৃত ঋণ নগদ আদায়ের** বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত
১৫/০২/২৩
(খান ইকবাল হোসেন)
উপব্যবস্থাপনা পরিচালক-০২

নং-প্রকা/আদায়-১(৫৯)/২০২২-২০২৩/৭৪০ তারিখ ঃ ১৫-০২-২০২৩ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। সচিব, পর্ষদ সচিবালয়/ সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি (সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।
০৫। নথি/মহানথি।

১৫/০২/২০২৩
(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)
উপমহাব্যবস্থাপক

পরিশিষ্ট-০১

# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়, ঢাকা।
## ঋণ আদায় বিভাগ।

বিষয়ঃ আগামী ০৫-০৩-২০২৩ হতে ১৫-০৩-২০২৩ ইং তারিখে অনুষ্ঠেয় ঋণ আদায় বিশেষ কর্মসূচীর অনুষ্ঠানের বিভিন্ন খাতের লক্ষ্যমাত্রা ।

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | আমানত সংগ্রহ | | ঋণ বিতরণ | ঋণ আদায় | | | | সর্বমোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা | ৫২-স্থগিত সুদ আদায় | অবলোপনকৃত ঋণ আদায় | বৈদেশিক রেমিট্যান্স প্রদান |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | পরিমাণ | | শ্রেণীকৃত ঋণ | শ্রেণীযোগ্য-২ ঋণ(পুনঃতফসিল) | দ্বিগুণের আওতায় আদায়যোগ্য ঋণ | পুনঃতফসীলকৃত ঋণ (শ্রেণীযোগ্য-১,২ ও দ্বিগুণ ব্যতীত) | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১ | ঢাকা | ১৫০০ | ৩০০.০০ | ১১০.০০ | ৩৫.০০ | ৪৭.০০ | ৪০.০০ | ৫০.০০ | ১৭২.০০ | ৫.০০ | ৩.০০ | ৪০.০০ |
| ২ | ময়মনসিংহ | ১৫০০ | ৩০.০০ | ৯০.০০ | ১০.০০ | ১৫.০০ | ৫০.০০ | ৫৫.০০ | ১৩০.০০ | ৪.০০ | ০.৫০ | ৩০.০০ |
| ৩ | চট্টগ্রাম | ২০০০ | ৮০.০০ | ১০০.০০ | ১৫.০০ | ১০.০০ | ১০.০০ | ১৫.০০ | ৫০.০০ | ৩.০০ | ১.০০ | ৩০.০০ |
| ৪ | খুলনা | ৫০০ | ৪০.০০ | ১১০.০০ | ৯.০০ | ২২.০০ | ২০.০০ | ১০.০০ | ৬১.০০ | ২.০০ | ০.৬০ | ২০.০০ |
| ৫ | বরিশাল | ৮০০ | ৬০.০০ | ১০০.০০ | ৬.০০ | ১৫.০০ | ৩৫.০০ | ২৫.০০ | ৮১.০০ | ২.০০ | ০.৪০ | ১৫.০০ |
| ৬ | সিলেট | ৮০০ | ৭০.০০ | ৮০.০০ | ৬.০০ | ৮.০০ | ২৫.০০ | ২০.০০ | ৫৯.০০ | ২.০০ | ০.৩০ | ৩০.০০ |
| ৭ | কুমিল্লা | ১০০০ | ৮০.০০ | ১১০.০০ | ৮.০০ | ৪০.০০ | ৪০.০০ | ২৫.০০ | ১১৩.০০ | ৫.০০ | ০.৬৫ | ৬০.০০ |
| ৮ | ফরিদপুর | ১৩০০ | ৪৫.০০ | ১১০.০০ | ৪.০০ | ২৫.০০ | ১০.০০ | ১৫.০০ | ৫৪.০০ | ২.০০ | ০.২০ | ৩০.০০ |
| ৯ | কুষ্টিয়া | ৪০০ | ৪৫.০০ | ১১০.০০ | ৬.০০ | ৭.০০ | ৮.০০ | ৮.০০ | ২৯.০০ | ২.০০ | ০.১০ | ২০.০০ |
| ১০ | এলপিও | ২০০ | ২৫০.০০ | ৮০.০০ | ১.০০ | ২৫০.০০ | ০.০০ | ০.০০ | ২৫১.০০ | ৩.০০ | ০.২৫ | ২৫.০০ |
| | সর্বমোট ঃ | ১০০০০ | ১০০০.০০ | ১০০০.০০ | ১০০.০০ | ৪৩৯.০০ | ২৩৮.০০ | ২২৩.০০ | ১০০০.০০ | ৩০.০০ | ৭.০০ | ৩০০.০০ |

১৫.০২.২০২৩
(মোঃ মাহমুদুল হাসান ভুঁইয়া)
মুখ্য কর্মকর্তা

১৫.০২.২৩
(আবু জাফর মোহাম্মদ মহিউদ্দিন )
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়-------------- ।

পরিশিষ্ট-"২"

বিষয়ঃ ০৫-০৩-২০২৩ হতে ১৫-০৩-২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত পুনঃতফসিলকৃত ঋণ আদায়ের বিশেষ কর্মসূচীর অর্জন সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

(কোটি টাকায়)

| ক্রঃ নং | কর্পোরেট শাখা/ মুখ্য অঞ্চল/ অঞ্চলের নাম | আমানত সংগ্রহ | | | | ঋণ বিতরণ | | | ঋণ আদায়ের পরিমাণ | | | | | | | | | | | | ৫২ স্থগিত সুদ আদায় | | | অবলোপনকৃত ঋণ আদায় | | | বৈদেশিক রেমিট্যান্স প্রদান | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | শ্রেণীকৃত ঋণ | | | শ্রেণীযোগ্য-২ পুনঃতফসিল | | দ্বিগুণের আওতায় আদায়যোগ্য ঋণ | | পুনঃতফসীলকৃত ঋণ (শ্রেণীযোগ্য-১,২ ও দ্বিগুণ ব্যতীত) | | মোট ঋণ আদায় | | | | | | | | | | | |
| | | লক্ষ্যমাত্রা | পরিমাণ | হার | নতুন আমানত হিসাব খোলার সংখ্যা | লক্ষ্যমাত্রা | পরিমাণ | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ |
| ০ | | ০.০০ | | ০% | | ০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০.০০ | | | ০.০০ | ০.০০ | #জউঝ! | #### | #### | ০.০০ | ০.০০ | #### | ০.০০ | ০.০০ | #উওঠ/০! | ০.০০ | ০.০০ | #উওঠ/০! |

১৫.০২.২৩

মোঃ মাহমুদুল হাসান ভূঁইয়া
মুখ্য কর্মকর্তা
ঋণ আদায় বিভাগ
বিকেবি, প্রকা, ঢাকা।

১৫.০২.২৩

আবু জাফর মোহাম্মদ মহিউদ্দিন
সহকারী মহাব্যবস্থাপক
ঋণ আদায় বিভাগ
বিকেবি, প্রকা, ঢাকা।